



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

২০ ফাল্গুন ১৪৩০

তারিখ: _____

০৪ মার্চ ২০২৪

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২০২৪ উদযাপন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২০২৪ যথাযোগ্য মর্যাদায় দেশব্যাপী উদযাপন উপলক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক দিবসটির নিম্নবর্ণিত প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে:

প্রতিপাদ্য: নারীর সমঅধিকার, সমসুযোগ
এগিয়ে নিতে হোক বিনিয়োগ

২। এমতাবস্থায়, আলোচ্য দিবস উদযাপন উপলক্ষ্যে আয়োজিতব্য সকল কার্যক্রমে উক্ত প্রতিপাদ্য ব্যবহার করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আসাদুজ্জামান খান)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮।